**SET – 4**

**Series : TYM**

**কোড নং**
**Code No.** **7**

**রোল নং**
**Roll No.** | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- পরাক্ষাথী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **৮** ছাপা পষ্ঠা রয়েছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মধ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- পরাক্ষাথীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে ১৬ টি প্রশ্ন আছে।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য ১৫ মিনিট সময় দেওয়া হবে। ১০.১৫ মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। ১০.১৫ থেকে ১০.৩০ মিনিট পযন্ত পরাক্ষাথীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোন উত্তর লেখা চলবে না।
- Please check that this question paper contains **8** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা
# BENGALI

*সময় : ৩ ঘণ্টা* | *সবোমোট অঙ্ক : ৮০*
*Time allowed : 3 Hours* | *Maximum Marks : 80*

প্রশ্নপত্রে চারটি বিভাগ আছে :

**ক বিভাগ :** বোধ পরাক্ষণ

**খ বিভাগ :** নিমিতি

**গ বিভাগ :** ব্যাকরণ

**ঘ বিভাগ :** সাহিত্য ও সহায়ক পাঠ

The question paper is divided into four sections :

SECTION A : Reading (Comprehension)

SECTION B : Writing (Composition)

SECTION C : Grammar

SECTION D : Literature (Text Books & Supplementary Reader)

## SECTION – A

## বোধ-পরীক্ষণ

## READING (COMPREHENSION)

1. নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 × 5 = 5**

মনে আছে ছেলেবেলায় অসুখ করলে ডাক্তার প্রেসক্রিপশন লিখে দিতেন, আর সেই প্রেসক্রিপশন দেখে মিক্সচারের শিশি দিয়ে দিত ডাক্তারখানা থেকে। সবচেয়ে মজা লাগত শিশির গায়ে আঠা দিয়ে লাগানো দাগ কাটা কাগজের ফিতে। এ জিনিস আজকাল প্রায় দেখা যায় না বললেই চলে। সেকালে সর্দি হলে ফুটবাথ নিতে হত। তাতে সর্দি সারত কিনা সেটা অবিশ্যি মনে নেই। জোলাপের জন্য তখন খেতে হত castor oil – যার স্বাদে গন্ধে নাড়ী ভুঁড়ি উলটে আসত। ম্যালেরিয়ার জন্য কুইনাইনের বড়ি ছাড়া গতি ছিল না। আমি আবার বড়ি গিলতে পারতাম না। একবার ঢাকা যাবো। সেখানে ম্যালেরিয়া, কুইনিন খেতে হবে। চিবিয়ে খেয়েছিলাম সেই বড়ি। তার বিষ তেতো স্বাদ এখনো যেন যায়নি মুখ থেকে। ক্যাপসুল আসার পর থেকে ওষুধ জিনিসটা যে বিস্বাদ হতে পারে সেটা ভুলে গেছি আমরা।

(a) ছেলেবেলায় অসুখ করলে লেখক কীভাবে ওষুধ পেতেন ?

(b) কোন জিনিস আজকাল প্রায় দেখা যায় না বললেই চলে ?

(c) কীসের গন্ধে নাড়ি ভুঁড়ি উলটে আসত ?

(d) ওষুধ জিনিসটা যে বিস্বাদ তা কীভাবে ভোলা গেছে ?

(e) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ নাড়ি ভুঁড়ি

2. নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 × 5 = 5**

ভাই জ্যোতিদাদা, গান অনেক তৈরি হয়েচে। এখনো থামচে না – প্রায় রোজই একটা না একটা চলছে। আমার মুস্কিল এই যে সুর দিয়ে আমি সুর ভুলে যাই। দিনু কাছে থাকলে তাকে শিখিয়ে দিয়ে বেশ নিশ্চিন্ত মনে ভুলতে পারি। নিজে যদি স্বরলিপি করতে পারতুম কথাই ছিল না। দিনু মাঝে মাঝে করে, কিন্তু আমার বিশ্বাস সেগুলো বিশুদ্ধ হয় না। সুরেন বাড়ুজ্যের সঙ্গে আমার দেখাই হয় না – কাজেই আমার খাতা এবং দিনুর পেটেই সমস্ত জমা হচ্চে। এবার বিবি সেটা কতক লিখে নিয়েচে। কলকাতায় এ সব গান গাইতে গিয়ে দেখি কেমন ম্লান হয়ে যায় – তাই ভাবি, এগুলো হয়েতো বিশেষ কারো কাজে লাগবে না।

(a) লেখক কার উদ্দেশে পত্র লিখছেন ?

(b) লেখক কী মুস্কিলের কথা লিখেছেন ?

(c) লেখক সুরগুলো কাকে শেখাতে চান ?

(d) কলকাতায় এই গানগুলো কেমন হয়ে যায় ?

(e) সাধুভাষায় পরিবর্তন করো :

এগুলো হয়তো বিশেষ কারো কাজে লাগবে না।

3. নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 × 5 = 5**

ভালুকপঙের পরে গাড়ি ছুটল আবার পাহাড়ি রাস্তায়। পাশ দিয়ে একটা নদীও ছুটছে মনে হচ্ছে। রাত্রি এখন তেমন অন্ধকার নেই। চাঁদ উঠেছে। চাঁদের আলোয়, কি পাহাড় কি সমুদ্র কি তেপান্তরের মাঠ এসব যে খুবই মায়াময় দেখায় তা সকলেই জানি। কিন্তু এই পথটুকু যে কতদূর অবিশ্বাস্য সৌন্দর্য মেখে নিয়েছিল পাহাড়ি চাঁদের আলোতে আমি বোঝাতে পারব না। পাহাড়ি চাঁদের একটা আলাদা জাদুই আছে। তার সঙ্গে যদি একদিকে থাকে ঘোরানো পেচানো রাস্তা। দ্রুত ধাবমান রাত্রির ট্রাক। আর ঘুমঘুম কিন্তু একাগ্র চোখ। – আর অন্যদিকে পাল্লা দিয়ে দৌড়োয় অচেনা বন, আর অচেনা ঝর্নানদীর বাঁক – সবটা মিলিয়ে সে এক অলৌকিক দৃশ্য। চাঁদের সে কী লুকোচুরি, কী ছুটোছুটি, একবার পাহাড়ের চূড়োয়, একবার গাছের ফাঁকে, একবার নদীর কোলে, একবার রাস্তার বাঁকে আকাশের ফাঁকে – যা তা কাণ্ড। ড্রাইভার ভাগ্যিস আমি নই, মানচন্দ। তাই ট্রাক চলছিল নিজের মনে।

(a) গাড়ি কখন পাহাড়ি রাস্তায় ছুটল ?

(b) এই রাস্তার পাশ দিয়ে কী ছুটেছে ?

(c) চাঁদের আলোয় কোন কোন স্থান মায়াময় লাগে ?

(d) এই রাস্তায় গাড়ির ড্রাইভারের নাম কী ?

(e) সন্ধি বিচ্ছেদ করো : একাগ্র

## SECTION – B
## নির্মিতি
## WRITING (COMPOSITION)

4. 'স্বচ্ছ ভারত অভিযান' প্রকল্পে তোমাদের বিদ্যালয়ের ছাত্রাছাত্রীরা কীভাবে অংশগ্রহণ করেছে তা জানিয়ে বাবাকে একটি পত্র লেখো। **5**

**অথবা**

শীতের ছুটিতে গ্রামের বন্ধুকে দিল্লিতে বেড়াতে আসার অনুরোধ জানিয়ে একটি পত্র লেখো।

5. নীচের যেকোন **একটি** বিষয় অবলম্বনে একটি অনুচ্ছেদ রচনা করো। **1 × 5 = 5**

(a) ছাত্রজীবনের উপর বিজ্ঞাপনের কুপ্রভাব।

(b) প্রকৃতি মানুষের বন্ধু – মানুষ প্রকৃতির শত্রু।

(c) সাধারণ হাটবাজার বনাম শপিং মল।

## SECTION – C
## ব্যাকরণ
## GRAMMAR

6. প্রয়োজনমত সন্ধি কর অথবা সন্ধি বিচ্ছেদ কর (**পাচটি**) **1 × 5 = 5**

(i) নিঃ + আপদ

(ii) উচ্ছ্বাস

(iii) ঋক +বেদ

(iv) উদ্ধার

(v) ভাঃ + কর

(vi) বাগদেবী

(vii) আবিষ্কার

(viii) বৃষ + তি

7. ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো। (**পাচটি**) **1 × 5 = 5**

(i) লজ্জাশরম

(ii) ঠাকুরমশাই

(iii) আজীবন

(iv) মনমাঝি

(v) ডুগি-তবলা

(vi) মহারাজ

8. নিদেশ অনসারে বাক্য পরিবতন করো (**পাচটি**) **1 × 5 = 5**

(i) এদের যিনি কতা তিনি আমার আত্মীয়। (সরল বাক্যে)

(ii) আমি বিরাগী, রাগ নামে কোনো রিপ আমার নেই। (জটিল বাক্যে)

(iii) অসস্থ হয়েও রামবাব মনোবল হারান নি (যৌগিক বাক্যে)

(iv) বষ্টি থামল আর বাড়ি পৌঁছলাম। (সরল বাক্যে)

(v) পর আপন হয়েছে। (জটিল বাক্যে)

(vi) নতন মেসোকে দেখে জ্ঞানচক্ষ খলে গেল তপনের। (যৌগিক বাক্যে)

9. নিদেশ অনযায়ী সাধ অথবা চলিত রীতিতে পরিবতন করো। (**পাচটি**) **1 × 5 = 5**

(i) মেসো শ্বশুরবাড়িতে এসে রয়েছেন ক'দিন। (সাধ ভাষা)

(ii) তাহার কামরায় আর কেহ লোক ছিল না (চলিত ভাষা)

(iii) অন্তত বকশিসটা তো দাবি করতে হবে। (সাধ ভাষা)

(iv) বড় ভয় করিতে লাগিল নদের চাদের। (চলিত ভাষা)

(v) গল্প শুনে খব গম্ভীর হয়ে গেলেন হরিদা (সাধ ভাষা)

(vi) মেঘাচ্ছন্ন আকাশের দিকে চাহিয়া বলিল, চলিলাম (চলিত ভাষা)

## SECTION – D

## সাহিত্য (পাঠ্যপস্তক ও সহায়ক গ্রন্থ)

## LITERATURE (TEXT BOOK & SUPPLEMENTARY READER)

10. 'কারণ লেখার প্রকত মল্য বঝলে নতন মেসোই বঝবেন' – **2 + 3 = 5**

(a) কোন রচনায় কার উক্তি ? নতন মেসো কে ?

(b) কার লেখার কথা বলা হয়েছে ? নতন মেসো কেন প্রকত মল্য বঝবেন ?

**অথবা**

'এতক্ষণে অপব তাহার পরিচ্ছদের প্রতি দষ্টিপাত করিয়া মখ ফিরাইয়া হাসি গোপন করিলেন' –

(a) কার লেখা কোন রচনার অংশ ? কার পরিচ্ছদের প্রতি দষ্টিপাত করা হয়েছে ?

(b) উক্ত ব্যক্তির পরিচ্ছেদের বণনাটি নিজের ভাষায় লেখো।

11. ‘তবে কিছু উপদেশ শুনিয়ে যান বিরাগীজী, নইলে আমি শান্তি পাবো না।’ – **1 + 1 + 3 = 5**

(a) কে কাকে এই অনুরোধ করেছেন ?

(b) বিরাগীজি বলতে কাকে বোঝানো হয়েছে ?

(c) কোন প্রসঙ্গে এই উক্তি ? বিরাগীজি বক্তাকে কী কী উপদেশ শুনিয়েছিলেন তা নিজের ভাষায় লেখো।

**অথবা**

‘আমি চুপ করে রইলাম, কী আর বলব ! সত্যিই অন্যায় কাজ করেছেন’ –

(a) উক্তিটি কোন রচনার ? লেখক কে ?

(b) কে অন্যায় কাজ করেছেন ?

(c) তিনি কী অন্যায় কাজ করেছিলেন ? এতে তার চরিত্রের কোন দিকটি প্রকাশ পায় ?

12. সঠিক উত্তর নির্বাচন করো (MCQ) (যে কোন **পাঁচটি**) **1 × 5 = 5**

(a) ‘এ দেশের কিছু হবে না’ বলে নতুন মেসো

(i) মেলা দেখতে যান

(ii) সিনেমা দেখতে যান

(iii) নাটক দেখতে যান।

(b) তপনের ছোটমাসী তপনের থেকে -

(i) আট বছরের বড়

(ii) নয় বছরের বড়

(iii) সাত বছরের বড়।

(c) আলোবাবু গল্পে অবিনাশবাবু একজন

(i) নামজাদা উকিল

(ii) নামজাদা ডাক্তার

(iii) নামজাদা ব্যারিস্টার।

(d) ‘পথের দাবী’ রচনায় পোলিটিক্যাল সাসপেক্টের নাম হল -

(i) সব্যসাচী চক্রবর্ত্তী

(ii) সব্যসাচী মল্লিক

(iii) নিমাই চক্রবর্ত্তী।

(e) জগদীশবাবুর বাড়িতে সন্ন্যাসী কতদিন হল এসেছেন ?

(i) দশদিন

(ii) পাঁচদিন

(iii) সাতদিন।

(f) ‘বহুরূপী’ গল্পে বাস ড্রাইভারের নাম হল -

(i) হরিনাথ

(ii) শিবনাথ

(iii) কাশীনাথ।

(g) আলোবাবু ঘড়িতে দম দিতেন ঠিক -

(i) দশটায়

(ii) আটটায়

(iii) ন’টায়।

13. ‘এমন একটি দেশে আসলে সকলে পথ হারায়’ - **2 + 3 = 5**

(a) কার লেখা কোন কবিতার অংশ ?

(b) কবি কেমন দেশের কল্পনা করেছেন ? ‘পথ হারানো’ কথার অর্থ কী বোঝ ?

**অথবা**

‘একাসনে

একাকারে প্রার্থনা করছেন।’

(a) কোন কবিতার অংশ, কবি কে ?

(b) কবি কাদের প্রার্থনার কথা বলছেন ? কেন, কীসের জন্য তারা প্রার্থনা করছেন – নিজের ভাষায় আলোচনা করো।

14. প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখো। **5**

আমরাও তবে এইভাবে

এ মহূতে মরে যাব নাকি ?

**অথবা**

আমি এখন হাজার হাতে পায়ে

এগিয়ে আসি, উঠে দাড়াই।

15. 'বিধমী শত্রু সোনার মন্দির চণ করে বল্লভাপর ছারখার করে চলে গেল।' **1 + 2 + 2 = 5**

(a) উক্তিটি কোন রচনার ?

(b) বিধমী শত্রু কারা ? তারা কোথা থেকে এসেছিল ?

(c) কার সাহায্যে তারা কাভাবে বল্লভাপর ছারখার করল ?

**অথবা**

'এতদিন আমার মনেই ছিল না যে এতে লেখা আছে আমি কে, কোথায় ছিলম।'

(a) কার উক্তি ?

(b) কার প্রতি এই উক্তি ? 'এতে লেখা আছে' বলতে কা বোঝানো হয়েছে ?

(c) লেখা পড়ে কা জানা গেল ?

16. একটি বাক্যে উত্তর দাও। (**পাচটি**) **1 × 5 = 5**

(a) সযমন্দিরের পিতলের প্রদাপটির ওজন কত ছিল ?

(b) স ভাগার ছেলে এবং মেয়ের নাম কা ছিল ?

(c) সযকণ্ডের জল অপবিত্র হল কেন ?

(d) গোহ কোথায় মানষ হতে লাগলেন ?

(e) বাপ্পাদিত্যের পিতার নাম কা ?

(f) বাপ্পাদিত্য ছেলেবেলায় কোন রাজকমারাকে বিয়ে করেছিলেন ?

(g) 'আমি একদিন রাজকমারা ছিলাম বটে, আজ ভিখারিনা'

– এই উক্তি কে, কাকে করেছিলেন ?